



12700 - কসম ভঙ্গরে কাফ্ফারায় পরম্পরা রক্ষা করা শর্ত নয়

প্রশ্ন

কসম ভঙ্গরে কাফ্ফারার তনিটি রোযা লাগাতরভাবে রাখা কি আবশ্যিক?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কসম ভঙ্গরে কাফ্ফারা হসিবে তনিটি রোযা লাগাতরভাবে রাখা আবশ্যিক নয়। যদি ভিন্ ভিন্ সময়ে রাখা হয় তাহলেও জায়যে হবে। যহেতে আল্লাহ তাআলার বাণীতে বসিয়টি উন্মুক্তভাবে উদ্ধৃত হয়েছে: “তোমাদের অনর্থক কসমেরে জন্য আল্লাহ তোমাদেরকে পাকড়াও করবনে না। কিন্তু যসেব কসম তোমরা ইচ্ছে করে কর সগেলোর জন্য তনি তোমাদেরকে পাকড়াও করবনে। এর কাফ্ফারা হলো দশজন মসিকীনকে মধ্যম ধরনের খাদ্য দান করা; যা তোমরা তোমাদের পরবার-পরজিনকে খেতে দাও কহিবা দশজন মসিকীনকে বস্ত্রদান কহিবা একজন দাস মুক্তি। যার এ সবেরে সামর্থ্য নহে তার জন্য তনি দনি সিয়াম পালন করা...”।[সূরা মায়দি, আয়াত: ৮৯] এখানে আল্লাহ তাআলা রোযাগুলকে লাগাতরভাবে রাখার শর্ত করনেনি।

ইবনে হায়ম ‘আল-মুহাল্লা’ গ্রন্থে (৬/৩৪৫) বলেন: তনিদিনেরে রোযা ভিন্ ভিন্ সময়ে রাখতে চাইলে সটোও জায়যে হবে। এটি মালিকি ও শাফয়েরি অভিমত...। কেননা আল্লাহ তাআলা বচ্ছিন্ভাবে রাখার বদলে লাগাতরভাবে রাখার কথা উল্লেখ করনেনি। তাই এ রোযাগুলো যভোবহে রাখা হোক সটে যথেষ্ট হবে।[সমাপ্ত]

স্থায়ী কমটির ফতোয়াসমগ্র (২২/২৩) এসছে:

“উত্তম হলো কাফ্ফারার রোযাগুলো লাগাতরভাবে রাখা। কিন্তু যদি পরম্পরায় ছদে ঘটবে তাতেও কোন অসুবিধা নহে।”[সমাপ্ত]

দখেন: আল-ইনসাফ (১১/৪২), আল-মুগনী (১০/১৫) ও আল-মুদাওয়ানা (১/২৮০)।